Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে মাঘ বুধবার ১৩৬৪ ইংরাজী 12th Feb. 1958 { ৩৮শ সংখ্যা

২৩শে মাঘ ১৮৭৯ শকাব্দ





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে মাঘ বুধবার সন ১৩৬৪ সাল।

# "মুঁহ্‌মে "শাহ্‌ ফরিদ" বগলমে ইঁটা।"

—০—

মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার এলাকায় পাঁচথুপীর নিকটে গড্ডা ও সিঙেরী নামক দুইটি গ্রাম অবস্থিত। উহার একটিতে এক পীর সাহেবের দরগা আছে। দরগাটি শাহ্‌ ফরিদ নামক একজন সিদ্ধ পুরুষের। তাঁর এই আস্তানায় নানা দেশ হইতে শিষ্য ও ভক্তগণ আসিয়া তাঁহাকে ভক্তি প্রদর্শন করিত। শাহ্‌ ফরিদ সাহেব তাঁহার নিকট সমাগত ভক্তগণের দিকে দৃষ্টিপাত না করিয়াই সে প্রকৃত ভক্ত না ভণ্ড পেশাদার পয়সা রোজগারের জন্য ফকীরী সাজে সাজিয়াছে তাহা বুঝিতে পারিতেন। সকলেই দেখিতে পান অনেক সয়তান ভক্তির পরকাষ্ঠা দেখাইবার জন্য কথা নাই, বার্ত্তা নাই—প্রভুহে দীননাথ! কেহ মা দয়াময়ী ইত্যাদি শব্দ উচ্চারণ করিয়া বিকট ভক্তির প্রমাণ দিয়া থাকে। এই শাহ্‌ ফরিদ সাহেবের ভক্তরাও হাঁচি উঠলে 'শাহ্‌ ফরিদ' হাই তুলতেও 'শাহ্‌ ফরিদ' নাম উচ্চারণ করিত। পীর সাহেবের ভক্তগণের অনেকে অনেক মহাপাপ করিয়া অর্থোপার্জ্জন করে তা জানিতে পারিয়া সে কিভাবে মানুষকে আঘাত করে তা বলিয়া দিয়া তাহাকে স্তম্ভিত করিয়া দিতেন। এক ভণ্ড ফকির তার বগলে একখানা ইট সর্ব্বদা রাখিয়া দিত। কোনও লোককে একাকী আসিতে দেখিলেই ইটখানা তাহার মস্তকে মারিয়া প্রাণ সংহার করিত। সে ফকির পীর সাহেবের নিকট আসিবার অব্যবহিত পূর্ব্বেই একটী নরহত্যা করিয়া শাহ্‌ ফরিদ! শাহ্‌ ফরিদ নাম জপ করিতে করিতে পীর সাহেবের কাছে আসিবামাত্র পীর সাহেব তাহার দিকে না তাকাইয়াই বলিয়া উঠিলেন —"মুঁহ্‌মে শাহ্‌ ফরিদ, বগলমে ইঁটা। শুনিবা মাত্র নরঘাতক ফকির সাহেবের হৃৎকম্প উপস্থিত হইল। সেই ফকির আর পীর সাহেবের আস্তানায় আসে নাই। এই ঘটনার পর এতদঞ্চলের জনসাধারণের কাছে—মুঁহ্‌মে শাহ্‌ ফরিদ বগলমে ইঁটা বাক্যটি প্রবাদ বাক্যে পরিণত হইয়াছে। বহু মুসলমান আজও বলিয়া থাকেন—

মুঁহ্‌মে শাহ্‌ ফরিদ
বগলমে ইঁটা।

দেবভাবাপন্ন সাধুর নাম লইয়া সব ক্ষেত্রে এমন কি রাজনীতি ক্ষেত্রেও শয়তান অনেক দেখা যায়।

---

## লোক সহায়ক সেনা শিক্ষাশিবির

আগামী ১লা মার্চ্চ হইতে ৩০শে মার্চ্চ পর্য্যন্ত কান্দী মোহন বাগান মাঠে লোক সহায়ক সেনার শিক্ষা শিবির হইবে। উক্ত শিবিরে ৫০০ জনকে শিক্ষা দেওয়া হইবে। ১৮ হইতে ৪০ বৎসর পর্য্যন্ত যে কোন ভারতীয় যুবক এই শিক্ষা শিবিরে শিক্ষা গ্রহণ করিতে পারেন। শিক্ষা কালে বিনামূল্যে আহার ও তাঁবুতে বাসস্থান দেওয়া হয়। তাছাড়া শিক্ষা শেষ হইলে ১৫৲ টাকা পকেট খরচা দেওয়া হয়।

আগামী ২৬শে ফেব্রুয়ারী হইতে ২৮শে ফেব্রুয়ারী পর্য্যন্ত কান্দীতে রিক্রুটিং দল প্রার্থী নিয়োগ করিবেন। প্রার্থিগণকে অবশ্যই সঙ্গে বিছানা আনিতে হইবে। অন্যথায় তাহাকে নিয়োগ না করাও হইতে পারে। —জেলা প্রচার সংস্থা

---

## বিচার বিভাগ ও শাসন বিভাগ পৃথকীকরণ

আগামী ১৯৫৮ সালের এপ্রিল মধ্যেই বহু কালের প্রস্তাবিত বিচার বিভাগ ও শাসন বিভাগ পৃথক করার ব্যবস্থা সমগ্র পশ্চিমবঙ্গে চালু করা হইবে। এই ব্যবস্থায় এক্ষণে প্রাথমিক ব্যবস্থা হিসাবে যে ম্যাজিষ্ট্রেট বিচার কার্য্য করিবেন তিনি মাত্র বিচার কার্য্যেই নিযুক্ত থাকিবেন এবং যিনি শাসন কার্য্যে নিযুক্ত থাকিবেন তিনি কেবল শাসন কার্য্যই পরিচালিত করিবেন। ইতিমধ্যেই বিভিন্ন জেলার সদরে এবং মহকুমা অফিসে এই মর্ম্মে চিঠি পত্র এবং নির্দ্দেশ আসিতে আরম্ভ হইয়াছে। প্রয়োজনীয় সকল ব্যবস্থা ঠিক হইলে কয়েক মাস মধ্যেই এই নিয়ম যথাযথ ভাবে কার্য্যকরী করা হইবে।

---

## জীবন-ব্যঙ্গময়

॥ সু-মো-দে ॥

॥ ১ ॥

জানি না বুঝি না আর কত আছে জীবনের বঞ্চনা
অধিকারহারা জনজীবনের দুর্ভোগ লাঞ্ছনা।
কাটিবে কষ্ট ভাত কাপড়ের
মিলিবে শান্তি সুখ সকলের,
অন্তরে ছিল এ সুখচিত্র আকাঙ্ক্ষা অমলিন,
ঘুচিলই বুঝি জাতির দুঃখ সঙ্কট দুর্দ্দিন ॥

॥ ২ ॥

মন্দভাগ্য জাতির দশা রইল অব্যাহত
করের দাপটে কঙ্কালসার জীবন কণ্ঠাগত।
প্রাণধারণের গুগ্‌লি শালুক
শাক পাতাতেও মানছেনা ভুখ্‌,
ছিন্ন ট্যানায় লাজ নিবারণ লাঞ্ছনার কি বাকি ?
শুনছি জাতির ক্রয় ক্ষমতা তবুও বাড়ল নাকি !!

॥ ৩ ॥

সমাজ বাদের ধাঁচের এই কি রাষ্ট্র-পরিচালন ?
সমাজ তন্ত্র নাভিশ্বাসে ধুঁকছে জনজীবন!
উন্নয়নের নয়া রোশনাই
নিষ্প্রভ চোখে দেখিতে না পাই,
দীর্ণ শীর্ণ জীর্ণ জাতির জীবন ব্যঙ্গময়
ধ্বংসের পথে শ্মশান সৌধ গড়নের পরিচয় ॥

---

## নিরুদ্দেশ

আমার মধ্যম ভ্রাতা সামসুল হোদা বয়স ২২ বৎসর গত ২রা পৌষ ১৩৬৪, বাড়ী হইতে চলিয়া গিয়াছে। মাঝে মাঝে তাহার মস্তিষ্ক বিকৃত হওয়ার জন্য অসংলগ্ন ভাবে কথা বার্ত্তা বলে। রং উজ্জ্বল শ্যামবর্ণ, পরণে লুঙ্গি ও হাফ সার্ট ছিল। কেহ তাহার সন্ধান পাইলে নিম্নে খবর দিলে বিশেষ উপকৃত হইব।

আবদুল অহাব
পিতা মৃত সেকেন্দার মণ্ডল
সাং বেলাইপাড়া পোঃ তাঁতিবিড়ল।
( মুর্শিদাবাদ )

## পরলোক গমন

গত ২৫শে মাঘ শনিবার জরুর গ্রামের বিখ্যাত রায় পরিবারের ভক্তিভূষণ রায় মহাশয় পরলোক গমন করিয়াছেন। ইনি স্বর্গত কুলদাপ্রসাদ রায় মহাশয়ের মধ্যম পুত্র। তিনি বিধবা স্ত্রী, তিন পুত্র, এক কন্যা ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার কল্যাণ কামনা করিতেছি।

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে বাজারপাড়ায় একটি পাঁচ কুঠরীযুক্ত বাড়ী বিক্রয় করা হইবে। অবিলম্বে নিম্নঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীগৌরহরি ঘোষ, বাজারপাড়া
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## নোটীশ

সাধারণকে জানানো যাইতেছে যে সোনাটিকুরী মৌজার খং নং ১৬১, ২৩৮, ২৯৮ ও ২৯৯ এর অন্তর্ভুক্ত এবং আরও কিছু জমি আমার এবং ভ্রাতৃ-বধূ শ্রীমতী শ্মশানবাসিনী দেবীর অধিকারে। আমার ভ্রাতৃ-বধূ বর্ত্তমানে ক্ষিপ্তমনা এবং হিতাহিত জ্ঞানশূন্যা। গত ১৯৪৬ সালের ১১ই মে আমার জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীশ্যামাপদ মুখোপাধ্যায় তাঁর নিজাংশ সমস্ত জমি ভ্রাতৃ-বধূকে বিক্রয় করেন। আমাদের বাসগৃহ ও খামার বাড়ী বালিঘাটায় অবস্থিত। উপরোক্ত সম্পত্তি এবং বাসগৃহ প্রভৃতি এখনও এজমালী; কোনও ভাগ হয় নাই। তদুপরি দেবোত্তর। আমার উপরোক্ত ভ্রাতা বর্ত্তমানে পানাসক্ত এবং অসামাজিক জীবন যাপন করায় বাসগৃহ বা সম্পত্তির কোনও অংশ বিক্রয় করিতে ইচ্ছুক হইতে পারে। ভ্রাতৃ-বধূর পক্ষ হইতে ৪৪।২ ধারা অনুযায়ী আপত্তি দাখিল হইয়াছে। কেহ জমি বা বাসগৃহের কোনও অংশ খরিদ করিবেন না। করিলে নিজের দায়িত্বে করিবেন।

বামাপদ মুখোপাধ্যায়
বালিঘাটা।

## টেণ্ডার আহ্বান

ফরাক্কা থানার ১নং বেওয়া ইউনিয়নে ছয়টী রিং ওয়েল ও একটি ইন্দারা আগামী ১৫ই মার্চ্চ '৫৮ তারিখ মধ্যে নির্ম্মাণ কার্য্য শেষ করার জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। বিস্তারিত বিবরণ বোর্ড অফিসে জ্ঞাত হইয়া আগামী ২০শে ফেব্রুয়ারী মধ্যে টেণ্ডার দাখিল করিতে হইবে।

শ্রীগৌরগোপাল মিত্র, প্রেসিডেন্ট।
পোঃ বেওয়া, ( মুর্শিদাবাদ )

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১০ই মার্চ্চ ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৪৬ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং শিবরাণী দেবী দাবি ১৪ টাকা ৩৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৭ শতকের কাত নিজাংশে ৷৵০ আঃ ১০৲ খং ৯৩৮ রায়ত স্থিতিবান

২৪৮ খাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দাবি ২১ টাকা ৬২ নঃ পঃ মৌজাদি ঐ ২ একরের কাত ৫৸৵১০ পাই আঃ ২৫৲ খং ৯৫৪ ঐ স্বত্ব

৩১৪ খাং ডিঃ ঐ দেং কুড়রাম মুখোপাধ্যায় দাবি ১৪ টাকা ৪৪ নঃ পঃ মৌজাদি ঐ ৮ শতকের কাত ৩৲ টাকা আঃ ১০৲ খং ২৮৫ রায়ত স্থিতিবান

৩১৫ খাং ডিঃ ঐ দেং কিরীটি মোহন ঘোষ দাবি ১৫ টাকা ১৬ নঃ পঃ থানা ঐ মৌজে সাহেবনগর ২-৬৯ শতকের কাত ১০/৪ পাই আঃ ১০০৲ খং ৫৬ ঐ স্বত্ব

৩১৬ খাং ডিঃ ঐ দেং জঙ্গলনাথ ঘোষ দাবি ২৭ টাকা ৫৩ নঃ পঃ মৌজাদি ঐ ৭-২ শতকের কাত ৪৫৸/১০ আঃ ৫০০৲ খং ১২৭ ঐ স্বত্ব

১৯৪ খাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং ননী নন্দন দাবি ৪৮ টাকা ৭৬ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৫ শতকের কাত ১৩৲ টাকা আঃ ১৫৲ খং ৩১২

২৮২ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং রজনী-কান্ত মণ্ডল দিং দাবি ১৬ টাকা ৮৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ১-১৩ শতকের কাত ৪৲ টাকা আঃ ২০৲ খং ১০১৯, ১০২৯

২৮৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১ টাকা ৬১ নঃ পঃ মৌজাদি ঐ ৩৪ শতকের কাত ১।৭ পাই আঃ ১০৲ খং ১০৩১

২৮৪ খাং ডিঃ ঐ দেং রজনী মণ্ডল দাবি ১২৲ টাকা মৌজাদি ঐ ১৮ শতকের কাত ।৵৬ পাই আঃ ৫৲ খং ১২৫৭

২৮৫ খাং ডিঃ ঐ দেং বামাপদ দত্ত দিং দাবি ১৯ টাকা ১৩ নঃ পঃ থানা ঐ মৌজে মির্জ্জাপুর ৩-১৩ শতকের কাত ৪৸৩ আঃ ১৫৲ খং ৩১৩

২৮৬ খাং ডিঃ ঐ দেং জ্যোৎস্নাময়ী চৌধুরাণী দাবি ৪৪ টাকা ৫০ নঃ পঃ মৌজাদি ঐ ১৫-২৯ শতকের কাত ২০৲ টাকা আঃ ৫০৲ খং ৬৬২

২৯৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪১ টাকা ৩৮ নঃ পঃ মৌজাদি ঐ ২১-৮২ শতকের কাত ১৮৲ টাকা আঃ ৫০৲ খং ৭৭৮

২৮৭ খাং ডিঃ ঐ দেং নির্ম্মলাবালা দাস্যা দিং দাবি ১৯ টাকা ৭ নঃ পঃ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ৪৸০ আঃ ১৫৲ খং ৯০০

২৮৮ খাং ডিঃ দেং ঐ দাবি ১৬ টাকা ১৩ নঃ পঃ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ৩/০ আঃ ১৫৲ খং ৯০৫

২৯০ খাং ডিঃ ঐ দেং মাখনবালা দাসী দাবি ১২ টাকা ৮ নঃ পঃ মৌজাদি ঐ ৬ শতকের কাত ।৵০ আঃ ৫৲ খং ৬০৭

২৯১ খাং ডিঃ ঐ দেং মাখনবালা দাসী দিং দাবি ১২ টাকা ৩২ নঃ পঃ মৌজাদি ঐ ৬ শতকের কাত ॥/০ আঃ ৫৲ খং ৮৮১

২৯৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৬৯ নঃ পঃ মৌজাদি ঐ ১০ শতকের কাত ৸৯ পাই আঃ ৫৲ খং ৮৭৫

২৯৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৮২ নঃ পঃ মৌজাদি ঐ ৮ শতকের কাত ৸৵০ আঃ ১০৲ খং ৮৭৬

৭৯ মনি ডিঃ বিজয়কুমার সিংহ দেং অভয়পদ প্রামাণিক দাবি ৭৫ টাকা ৫৩ নঃ পঃ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে জরুর ১৭১/২ শতকের কাত ।০ আঃ ৩০৲ খং ২২৬







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১৫

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই-মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত